জেলা পরিষদ
ময়মনসিংহ
www.zpmymensingh.org.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.৪২.৬১০০.০০১.৪৯.০০২.১৫- ৬২৭

তারিখ: ১৪ ফাল্গুন, ১৪৩০
২৭ ফেব্রুয়ারি, ২০২৪

## "বৃত্তির বিজ্ঞপ্তি"

ময়মনসিংহ জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরে শিক্ষা বৃত্তি প্রদানের জন্য **ময়মনসিংহ জেলার স্থায়ী বাসিন্দা**, গরীব ও অস্বচ্ছল মেধাবী শিক্ষার্থী যারা **২০২৩ সালের এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমানের** পরীক্ষায় কৃতিত্বের সঙ্গে উত্তীর্ণ হয়ে বর্তমানে বাংলাদেশের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত তাদেরকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে এককালীন বৃত্তি প্রদানের জন্য আগামী **২৮ মার্চ, ২০২৪** তারিখের মধ্যে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

### শর্তাবলি

১. আবেদনকারীগণকে **২০২৩ সালের** এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমানের পরীক্ষায় **জিপিএ-৫.০০** পেয়ে উত্তীর্ণ হতে হবে। ৫.০০ এর নিম্নের জিপিএ প্রাপ্তগণ আবেদন করলে তা সরাসরি বাতিল হবে। মুক্তিযোদ্ধা কোটায় ও প্রতিবন্ধী প্রার্থীগণের ক্ষেত্রে সর্বনিম্ন জিপিএ ৩.৫০ প্রাপ্তগণ আবেদন করতে পারবেন।
২. আবেদনকারীকে বৃত্তির জন্য জেলা পরিষদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
৩. জেলা পরিষদ, ময়মনসিংহের নোটিশ বোর্ড এবং জেলার সকল উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ডে আবেদন ফরমের নমুনা দেখা যাবে। জেলা পরিষদ, ময়মনসিংহের ওয়েব সাইট (www.zpmymensingh.org.bd) থেকে আবেদন ফরমের নমুনা ডাউনলোড করে A4 সাইজের কাগজে প্রিন্ট করে আবেদন ফরম প্রস্তুত করা যাবে। A4 সাইজের কাগজে ফটোকপি করা আবেদন ফরমও গ্রহণযোগ্য হবে।
৪. আবেদনপত্রের সঙ্গে নিম্নের কাগজপত্র সংযুক্ত করে দাখিল করতে হবে:-
    ৪.১. সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি আবেদনপত্রের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে।
    ৪.২. এসএসসি/সমমান ও এইচএসসি/সমমানের পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
    ৪.৩. ময়মনসিংহ জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ স্বরূপ অনলাইন জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
    ৪.৪. পরিবারের বাৎসরিক আয়ের পরিমান উল্লেখ করে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র অথবা কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান প্রদত্ত বাৎসরিক আয় সংক্রান্ত সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। আবেদনকারীর অভিভাবক চাকুরিজীবি হলে বেতন-ভাতাদি উত্তোলনের কপি/প্রত্যয়ন সংযুক্ত করতে হবে।
    ৪.৫. মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীগণকে প্রমাণক স্বরূপ বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল/মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রদত্ত আবেদনকারীর পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানীর মুক্তিযোদ্ধা বিষয়ক সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে এবং আবেদনকারীর পোষ্যতা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নকৃত হতে হবে।
    ৪.৬. প্রতিবন্ধী প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা অফিসার কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
৫. আবেদনকারী কর্তৃক বৃত্তির আবেদন ফরম সম্পূর্ণ সঠিকভাবে পূরণ করে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশ ও সংশ্লিষ্ট কাগজপত্রসহ আগামী ২৮ মার্চ, ২০২৪ তারিখের মধ্যে জেলা পরিষদ কার্যালয়, ময়মনসিংহে ও স্ব-স্ব উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে জমা দিয়ে প্রাপ্তি স্বীকারপত্র গ্রহণ করতে হবে। উক্ত তারিখের পর আর কোনো আবেদন গ্রহণ করা হবে না।
৬. নির্ধারিত সময়ের মধ্যে ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে বৃত্তির আবেদন ফরম ও প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ করা যাবে। তবে সেক্ষেত্রে প্রাপ্তি স্বীকারপত্র বৃত্তি প্রদানের পূর্বে অফিস চলাকালীন যেকোন সময়ে গ্রহণ করা যাবে।
৭. আবেদনকারী অধ্যয়নরত না হলে বৃত্তি প্রদান করা হবে না। আবেদনকারীর নিজ নামে একটি ব্যাংক একাউন্ট থাকতে হবে।
৮. নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত আবেদনপত্র সমূহ যাচাই বাছাইয়ের পরে যোগ্য প্রার্থীদের তালিকা জেলা পরিষদের নোটিশ বোর্ড/ওয়েবসাইট/ ফেসবুকে প্রদর্শন করা হবে এবং উক্ত তালিকায় বৃত্তি প্রদানের সময় ও স্থান জানানো হবে। এ ব্যাপারে আলাদাভাবে কোন বিজ্ঞপ্তি প্রচার কিংবা পত্র/ই-মেইল মারফত যোগাযোগ করা হবে না।
৯. কর্তৃপক্ষ যে কোন শর্ত সংযোজন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৭/০২/২৪
(লীরা তরফদার)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ময়মনসিংহ
ফোন: ০২৯৯৬৬-৬৫৮৬৪ (অফিস)
ই-মেইল: ceozpmym@gmail.com

স্মারক নং-৪৬.৪২.৬১০০.০০১.৪৯.০০২.১৫- ৬২৭/১(২০০)

তারিখ: ১৪ ফাল্গুন, ১৪৩০
২৭ ফেব্রুয়ারি, ২০২৪

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে:-
১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
৪. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৫. চেয়ারম্যান, জেলা পরিষদ, ময়মনসিংহ।
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ.............................................................(সকল)।
৭. পুলিশ সুপার, ময়মনসিংহ।
৮. অধ্যক্ষ, ......................................................................................., ময়মনসিংহ (আবেদন ফরমের নমুনা সংযুক্ত)। আবেদন ফরমের নমুনাসহ বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ জানানো হলো।
৯. মেয়র, .............................. (সকল), পৌরসভা, ময়মনসিংহ।
১০. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ/পানি উন্নয়ন বোর্ড/গণপূর্ত/জনস্বাস্থ্য প্রকৌশল/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ।
১১. উপজেলা নির্বাহী অফিসার, ............................ (সকল) ময়মনসিংহ। আবেদন ফরমের নমুনাসহ বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদর্শন এবং প্রাপ্ত আবেদনপত্রসমূহ আগামী ৩১ মার্চ, ২০২৪ তারিখের মধ্যে জেলা পরিষদ, ময়মনসিংহ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করণের জন্য অনুরোধ জানানো হলো।
১২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
১৩. জনাব..........................................................................................সদস্য, জেলা পরিষদ, ময়মনসিংহ।
১৪. সম্পাদক, দৈনিক কালের কণ্ঠ, ঢাকা/দৈনিক দেশের খবর, ময়মনসিংহ। বর্ণিত বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় আগামী ২৯ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখের মধ্যে কার্যদিবসের যেকোন দিন ১০″×৩ কলাম আকারে ভিতরের পাতায় প্রকাশ করে ২ কপি পত্রিকাসহ বিল দাখিলের জন্য অনুরোধ জানানো হলো।
১৫. অফিস নথি/নোটিশ বোর্ড/ফেইসবুক।

২৭/০২/২৪
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ময়মনসিংহ।